

ঢাকা কলেজে ছাত্রলীগের দুই গ্রন্থপের সংঘর্ষ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

প্রকাশ : ০৩ সেপ্টেম্বর ২০২২, ২৩:১৪



ঢাকা কলেজ।

রাজধানীর ঢাকা কলেজে ছাত্রলীগের দুই গ্রন্থপের সংঘর্ষ চলছে। শনিবার (৩ আগস্ট) রাত ৯ টার দিকে ঢাকা কলেজের নর্থ এবং সাউথ ভ্লকের মধ্যে এই সংঘর্ষ হয়।

 [ডৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন](#)

জানা যায়, ঢাকা কলেজের সাউথ ব্লকের আল আমিন নামের এক শিক্ষার্থীকে রাত সাড়ে ৮ টায় ক্যাম্পাসের ভেতরে নর্থ ব্লকের কিছু শিক্ষার্থী মারধর করো পরে ক্যাম্পাসে খবর ছড়িয়ে পড়লে দুই গ্রন্থপাই দেশীয় অস্ত্র, লাঠি, রড, রামদা নিয়ে সংঘর্ষে লিপ্ত হয়। এসময় ১০ টির মত ককটেল বিস্ফোরন ঘটে।

এর আগে গত বৃহস্পতিবার (১ আগস্ট) ঢাকা কলেজের ক্যান্টিনে খেয়ে ঢাকা না দেওয়া ও ক্যান্টিন ম্যানেজার ঢাকা চাওয়ায় উল্টো ক্যান্টিনে তালা দেওয়ায় সাধারণ শিক্ষার্থীদের গণধোলাইয়ের শিকার হয় ছাত্রলীগ কর্মী শাহারিয়া হাসান জিওনা তিনি ঢাকা কলেজের ২০১৬-১৭ সেশনের শিক্ষার্থী ও কলেজের নর্থ হলের আবাসিক শিক্ষার্থী। বৃহস্পতিবার রাত ১১ টায় কলেজের পাশে বিশ্বাস বিল্ডার্সের নিচে এই ঘটনা ঘটে।

জিওনের অভিযোগ, সাউথ ব্লকের শিক্ষার্থীরা তাকে মারধর করেছে। এ নিয়ে বৃহস্পিবার (১ সেপ্টেম্বর) এ নিয়ে রাতভর ক্যাম্পাসে দুই গ্রন্থপের মধ্যে উত্তেজনা চলো ধারনা করা হচ্ছে, আজ রাত সাড়ে ৮ টায় প্রতিশোধ হিসেবে নর্থ ব্লকের শিক্ষার্থীরা সাউথ ব্লকের আল আমিন নামের এই শিক্ষার্থীকে মারধর করো এনিয়ে দুগ্রন্থপের মধ্যে আবারো সংঘর্ষ শুরু হয়।

এ বিষয়ে ঢাকা কলেজের অধ্যক্ষ অধ্যাপক মোহাম্মদ ইউসুফ বলেন, একটি ছোট ঘটনা হয়েছে কিছুক্ষণের জন্য। আপাতত পরিস্থিতি শান্ত আছে।

এ ঘটনায় কলেজ প্রশাসন কোন পদক্ষেপ নিবে কিনা জানতে চাইলে তিনি বলেন, আমরা এখনো পুরোপুরি বিষয়টা জানি না। আমরা বিষয়টার খোঁজ-খবর নেবো। তারপর যদি মনে হয় কোন পদক্ষেপ নেয়া দরকার তখন আমরা পদক্ষেপ নেবো।

ইত্তেফাক/ইআ